NEW YORK STATE OF OPPORTUNITY.
Division of Licensing Services

নিউ ইয়র্ক রাজ্য
রাষ্ট্র বিভাগ লাইসেন্সিং
সেবা বিভাগ চেহারা বর্ধন
চেহারা-ছবি সমৃদ্ধকরণ
পোস্ট বক্স 22049
আলবেনি, এনওয়াই 12201-2049
গ্রাহকসেবা: (518) 474-4429
www.dos.ny.gov

প্রাকৃতিক কেশসজ্জা কর্মের জন্য আবেদন

দ্রুততর ও সহজতর প্রক্রিয়ার জন্য, লাইসেন্সপ্রদান পরিষেবা বিভাগ (Division of Licensing Services) আবেদনকারীদের অনলাইনে আবেদনের জন্য উৎসাহিত করে। অনলাইন পরিষেবা ব্যবহার করলে তা অপেক্ষাকৃত দ্রুততার সাথে আপনার আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ ও আপডেট করে এবং গোটা লাইসেন্স প্রক্রিয়া জুড়ে এটি আপনাকে আপনার লাইসেন্স সংক্রান্ত নথিপত্রগুলি দেখার ও সেগুলিকে ব্যবহার করার সুযোগ দেয়।

আমাদের ওয়েবসাইট দেখুন এখানে: www.dos.ny.gov

আরও তথ্যের জন্য দয়া করে এই নির্দেশাবলীর অনলাইন বিভাগটি দেখুন।

আবেদনপত্রটি সম্পূর্ণ করার আগে এ সংক্রান্ত নির্দেশগুলি ভালভাবে পড়ুন। সমস্ত ফিল্ডগুলিই বাধ্যতামূলক, অসম্পূর্ণ আবেদনপত্রগুলিকে ফেরৎ পাঠানো হবে, যা লাইসেন্স প্রদানকে বিলম্বিত করবে। আবেদনপত্রে কোন কিছু বাদ গেলে, ভুল থাকলে বা পূর্ণাঙ্গ তথ্য প্রকাশে বা সমর্থিত নথিপত্র প্রদানে ব্যর্থ হলে তা একটি লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যানের পর্যাপ্ত কারণ হিসেবে দেখা হবে, অথবা, লাইসেন্স যদি প্রদান করা হয়ে গিয়ে থাকে, তাহলে তার ফলে উক্ত লাইসেন্স স্থগিত বা প্রত্যাহার করে নেওয়া হতে পারে।

প্রাকৃতিক চুলের স্টাইলিং এর অভ্যাস কি আবরণ করে?

প্রাকৃতিক কেশসজ্জা কর্ম মানে হল, নির্দিষ্ট ফিয়ের বিনিময়ে (অথবা কোন ধরনের পারিশ্রমিক বা বিনিময়, প্রত্যক্ষে বা পরোক্ষে) একজন মানুষের কেশে নিম্নোক্ত পরিষেবাগুলির যে কোন একটি প্রদান করা: হাত দিয়ে বা কোন মেশিন জাতীয় সরঞ্জাম ব্যবহার করে শ্যাম্পু করা, কেশবিন্যাস করা, কেশ সাজানো, কেশ কুঁচকানো, কেশ মোড়ানো, কেশে ঢেউ খেলানো, কেশ বাড়ানো, কেশে বা দাড়িতে লক তৈরি করা বা বিনুনি তৈরি করা। ওই সমস্ত কাজগুলির মধ্যে কেশ কাটা, দাড়ি কাটা, বা কেশ ছাঁটা অন্তর্ভুক্ত থাকবে না যদি না সেইসব কাজ করতে ততটা কাজের দরকার পড়ে যতটা কাজের জন্য তাকে প্রাকৃতিক কেশসজ্জা কর্ম বলা যেতে পারে। ওই সমস্ত কাজে কেশের রং বদলানো বা কেশ সোজ করা, কুঞ্চিত করা, বা কেশের গঠন পরিবর্তন করার জন্য রঞ্জক বা কলপ, প্রতিক্রিয়াকারী রাসায়নিক, বা অন্যান্য কোন প্রস্তুতির প্রয়োগ অন্তর্ভুক্ত থাকবে না। কেশের মূলে টান তৈরি হয় এমন কৌশলগুলি, যেমন বিনুনি করা, ঢেউ খেলানো, মোড়ানো, লক তৈরি করা এবং কেশ প্রসারিত করা, একজন প্রাকৃতিক কেশসজ্জা কর্মের বা কসমেটোলজির লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি একমাত্র তখনই করতে পারবেন যখন তারা ওই সব কৌশল প্রয়োগের সাথে সম্পর্কযুক্ত অনুমোদিত কোর্স সফলভাবে সম্পূর্ণ করবেন।

কেশসজ্জা কর্মের লাইসেন্সের জন্য কাদের আবেদন করতেই হবে?

যে কোন ব্যক্তি যিনি উপরে বর্ণিত পদ্ধতিতে কেশসজ্জা কর্মের কাজ করছেন তার জন্য একটি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স প্রাপ্ত করা আইনত আবশ্যক। একটি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স আপনাকে একটি ব্যবসা পরিচালনার ছাড়পত্র দেবে না; তার জন্য একটি আলাদা ব্যবসা নির্বাহের আবেদনপত্র অবশ্যই সম্পূর্ণ করতে হবে এবং একটি আলাদা ব্যবসা নির্বাহের লাইসেন্স প্রাপ্ত করতে হবে।

লাইসেন্সের আবেদনের জন্য আমার কী কী যোগ্যতা ও সমর্থিত নথিপত্রের প্রয়োজন?

আপনার বয়স যদি অন্তত 17 বছর হয়, তাহলে আপনি নিম্নোক্তের ভিত্তিতে একটি কেশসজ্জা কর্মের লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন।

1) ***নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষা ও পরীক্ষা বিভাগ (অস্থায়ী লাইসেন্স পাবার যোগ্য)***

এই রাজ্যে কাজ করার লাইসেন্স পাবার জন্য আপনাকে অবশ্যই অনুমোদিত কোর্সে 300 ঘণ্টার অধ্যয়ন সম্পূর্ণ করতে হবে এবং নিউ ইয়র্ক রাজ্য সরকারের লিখিত ও প্রয়োগিক উভয় পরীক্ষাতেই উত্তীর্ণ হতে হবে।

17ই জুন, 2020 থেকে চালু হওয়া নিয়ম অনুযায়ী, সমস্ত পরিচালক আবেদনকারী যারা NYS-এর শিক্ষার ভিত্তিতে যোগ্য বলে বিবেচিত হবেন তাদের অবশ্যই পারিবারিক হিংসা ও যৌন নিপীড়ন বিষয়ক সচেতনতার উপর 1-ঘণ্টার কোর্স সম্পূর্ণ করতে হবে। আপনার আবেদনপত্রটি দাখিল করার আগে এই কোর্স সম্পূর্ণ করার জন্য www.dos.ny.gov/licensing দেখুন।

বিদ্যালয় শিক্ষার প্রমাণ হিসেবে, অবশ্যই আপনার আবেদনপত্রের **নিউ ইয়র্কের রাজ্য সরকার দ্বারা অনুমোদিত বিদ্যালয় শিক্ষার** হলফনামা (Affirmation **of New York State Approved Schooling**) বিভাগটি আপনার বিদ্যালয়ের অধিকর্তা দ্বারা সম্পূর্ণকৃত হতে হবে।

নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র (NYS License Center) ব্যবহার করে করা আবেদনের ক্ষেত্রে, আপনাকে অবশ্যই আপনার বিদ্যালয় দ্বারা প্রদত্ত শংসাপত্রে উল্লেখিত পাঠ্যক্রমের কোড প্রদান করতে হবে। অনলাইন শংসাপ্রদান কার্যক্রমে অংশগ্রহণকারী বিদ্যালয়গুলিকে তাদের শিক্ষার্থীদের দ্বারা সম্পূর্ণ করা কোর্সের ব্যাপারে নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এর মাধ্যমে নিশ্চিত করতে হবে। যে সব বিদ্যালয় অনলাইন শংসাপ্রদান কার্যক্রমে অংশগ্রহণ করে না তাদের ক্ষেত্রে, আপনি যখন অনলাইন আবেদনের "নিউ ইয়র্ক রাজ্যে বিদ্যালয় শিক্ষাগ্রহণের নিশ্চিতকরণ (Affirmation of NYS Schooling)" বিভাগে এসে পৌঁছাবেন তখন অবশ্যই আপনার বিদ্যালয়ের শংসাপত্রটি আপলোড করতে হবে। আপনার দ্বারা নির্বাচিত পাঠ্যক্রমের ভিত্তিতে সিস্টেম আপনাকে জানিয়ে দেবে কোন পদ্ধতিটির দরকার হবে।

আপনার আবেদনপত্রটি পর্যালোচনাপূর্বক গৃহীত হলে আপনি একটি ইমেল পাবেন যাতে পরীক্ষা-প্রক্রিয়ার বিস্তারিত তথ্য ব্যাখ্যা করা হবে।

প্রাকৃতিক কেশসজ্জা কর্মের জন্য আবেদন

2) নিউ ইয়র্ক রাজ্য বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে নেওয়া শিক্ষা (অস্থায়ী লাইসেন্সের জন্য যোগ্য)

আপনি যদি অন্য কোন রাজ্য বা দেশ থেকে পাওয়া সমতুল্য স্তরে শিক্ষাগ্রহণের কোন নথি পেশ করতে পারেন, তাহলে আপনার জন্য নিউ ইয়র্ক রাজ্যে বিদ্যালয় শিক্ষাগ্রহণের প্রমাণ প্রদর্শনের আবশ্যকতা মকুব হয়ে যেতে পারে। আপনাকে অবশ্যই নিম্নোক্ত নথিগুলির **সবকটিই** দাখিল করতে হবে:

(1) একটি বিদ্যালয়ের শংসাপত্র;

(2) বিদ্যালয় দ্বারা প্রদত্ত একটি ট্রান্সক্রিপ্ট যাতে অধ্যয়নের বিষয় ও সম্পূর্ণ করা ঘণ্টার উল্লেখ থাকবে;

এবং

(3) আপনার রাজ্যে বোর্ড দ্বারা প্রদত্ত একটি বর্তমান লাইসেন্স প্রদানের সত্যাপন **অথবা, যদি লাইসেন্স না পেয়ে থাকেন**, যত ঘণ্টা দাবি করছেন সেই মর্মে নিশ্চিতকরণ করে একটি বর্তমান সত্যাপন।

আপনার আবেদনপত্রটি পর্যালোচনাপূর্বক গৃহীত হবার পর, এই রাজ্যে প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স পেতে হলে আপনাকে নিউ ইয়র্ক রাজ্য সরকারের লিখিত ও প্রয়োগিক উভয় পরীক্ষাতেই উত্তীর্ণও হতে হবে। আপনি এই পরীক্ষাগুলির প্রক্রিয়া সংক্রান্ত বিস্তারিত ব্যাখ্যা সম্বলিত তথ্য পাবেন।

3) **অভিজ্ঞতা:** ***নিউ ইয়র্ক রাজ্যের বাইরে 5 বছর***

যে কোন ব্যক্তির যদি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের সমতুল্য কোন পেশায় পাঁচ বছরের আইনত অভিজ্ঞতা থাকে, তাহলে সংশ্লিষ্ট শিক্ষা ও অভিজ্ঞতার সন্তোষজনক প্রমাণাদি পেশ করে তিনি নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন।

মার্কিন যুক্তরাষ্ট্র মধ্যস্থ অভিজ্ঞতা:

(1) আপনি যে লাইসেন্স প্রদানকারী সংস্থার থেকে অতীতে লাইসেন্স পেয়েছিলেন তাদের তরফে দেওয়া একটি প্রত্যয়নের আসল প্রতিলিপি।

(2) প্রাক্তন নিয়োগকর্তা, সহকর্মীগণ, গ্রাহকগণ দ্বারা পূরণ করা দুটি অভিজ্ঞতার বিবৃতি যা এই রাজ্যে আপনার অন্তত পাঁচ বছর কাজ করার অভিজ্ঞতা দাবি করতে পারে। এই সব অভিজ্ঞতার বিবৃতিগুলিতে **সঠিক** তারিখ (কাজ শুরু করার মাস ও বছর এবং কাজ শেষ করার মাস ও বছর), ঠিকানা (শহর, রাজ্য, দোকানের নাম) এবং আপনি যে পরিষেবা দিতেন সুনির্দিষ্ট করে তার নাম অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।

(3) সেই কর বিবরণীর প্রতিলিপি যেখানে প্রাকৃতিক কেশসজ্জা কর্মকে আপনার পেশা হিসেবে দেখানো হয়েছে।

মার্কিন যুক্তরাষ্ট্র বহিঃস্থ অভিজ্ঞতা:

প্রমাণের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, যদিও শুধু তাতেই সীমাবদ্ধ থাকে না:

(1) আপনার দেশের লাইসেন্স প্রদানকারী সংস্থার আনুষ্ঠানিক প্রত্যয়ন অথবা আপনার দূতাবাসের তরফে প্রদত্ত যাচাইকরণ যেখানে উল্লেখ থাকবে আপনার দেশে এই পেশার জন্য কোন লাইসেন্সের দরকরা হয় না

(2) নিয়োগের **সঠিক** তারিখ, ঠিকানা এবং সেই সব সুনির্দিষ্ট পরিষেবাগুলি যা আপনি দিতেন এই সব বিষয়গুলি নির্দিষ্ট করে আপনার দেশের নিয়োগকর্তার/নিয়োগকর্তাদের তরফে প্রদত্ত বিস্তারিত পত্র।

(3) নিয়োগের **সঠিক** তারিখ, ঠিকানা এবং সেই সব সুনির্দিষ্ট পরিষেবাগুলি যা আপনি দিতেন এই সব বিষয়গুলি নির্দিষ্ট করে আপনার দেশের গ্রাহক(বর্গ), বা সহকর্মী(বর্গ) দ্বারা প্রদত্ত বিস্তারিত পত্র।

(4) সেই পাসপোর্টের **প্রতিলিপি** যেখানে প্রাকৃতিক কেশসজ্জা কর্মকে একটি পেশা হিসেবে উল্লেখ করা হয়েছে, ড্রাইভিং লাইসেন্স, প্রাকৃতিক কেশসজ্জা কর্মের অভিজ্ঞতা সম্বলিত ওয়ার্কবুক, অথবা যে কোন সচিত্র পরিচয়পত্র।

(5) আপনার দেশে যে শিক্ষা সম্পূর্ণ করেছেন তার জন্য কোর্সের পাঠ্যক্রম এবং ডিপ্লোমা/সার্টিফিকেটের **প্রতিলিপিগুলি**।

(6) সেই কর বিবরণীর প্রতিলিপি যেখানে প্রাকৃতিক কেশসজ্জা কর্মকে আপনার পেশা হিসেবে দেখানো হয়েছে।

আপনার আবেদনপত্রটি পর্যালোচনাপূর্বক গৃহীত হবার পর, আপনি কোন পরীক্ষা না দিয়ে বা আর কোন শিক্ষা না নিয়েই নিউ ইয়র্ক রাজ্যে একটি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স পেতে পারেন।

4) অনুমোদন

অন্য আরেকটি অধিক্ষেত্রে একটি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স রয়েছে এমন একজন আবেদনকারী নিউ ইয়র্ক রাজ্যে কোন পরীক্ষা না দিয়ে বা আর কোন শিক্ষা না নিয়েই অনুমোদনের মাধ্যমে একটি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স পেতে পারেন। একটি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের অনুমোদন পেতে, আপনিও অনুমোদনের ভিত্তিতে লাইসেন্স পাবার যোগ্য কিনা তা নির্ধারণের জন্য আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov দেখুন।

একজন আবেদনকারীকে অবশ্যই সেই অধিক্ষেত্রের একটি শংসাপত্রের আসল প্রতিলিপি পেশ করতে হবে যেখানে তিনি সমতুল একটি লাইসেন্সধারক।

5) অতীত নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্সধারক

কোন ব্যক্তি যদি তার লাইসেন্সে উল্লেখিত মেয়াদোত্তীর্ণের তারিখের পর থেকে পাঁচ বছর অবধি তা পুনর্নবীকরণের জন্য আবেদন না করেন এবং তার ফি না দেন, তাহলে তিনি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া অবধি আর এই ধরনের লাইসেন্স পাবার যোগ্য থাকবেন না। অতীত লাইসেন্সধারকের প্রমাণপত্র লাগতে পারে।

কাগজে-কলমে করা আবেদনপত্রে আমাকে কেন আমার ইমেল অ্যাড্রেস দিতে হবে?

আপনার ইমেল অ্যাড্রেসটি আপনার নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্রের অ্যাকাউন্ট তৈরি করার জন্য লাগবে। বেশিরভাগ যোগাযোগ ইমেলের মাধ্যমেই করা হবে। আপনি যদি ভবিষ্যতে আপনার ইমেল অ্যাড্রেস বদলান, তাহলে আপনাকে আপনার অ্যাকাউন্টে লগ-ইন করে আপনার নতুন ইমেল অ্যাড্রেসটি সেখানে আপডেট করতে হবে।

আমার আবেদন অনুমোদিত হলে আমি কীভাবে আমার পরীক্ষার সময় নির্ধারণ করব?

পরীক্ষার সময় নির্ধারণের কাজটি কেবলমাত্র আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমেই করা যাবে।

আপনার আবেদনটি অনুমোদিত হলে আপনি একটি ইমেল পাবেন যেখানে আপনাকে বলা আপনি এখন আপনার পরীক্ষার সময় নির্ধারণ করতে পারেন। আপনি যদি নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্রের মাধ্যমে অনলাইনে আবেদন করে থাকেন, তাহলে আপনি আপনার পরীক্ষার সময় নির্ধারণ করার জন্য আপনার অ্যাকাউন্টে লগ-ইন করতে পারবেন। আপনি যদি লাইসেন্সপ্রদান পরিষেবা বিভাগ (Division of Licensing Services)-এ একটি কাগজে-কলমে করা আবেদনপত্র জমা করে আবেদন করে থাকেন, তাহলে আপনার আবেদনপত্রে পেশ করা ইমেল অ্যাড্রেসে ইমেলটি পাঠানো

হবে। আপনি যদি বিশেষভাবে পরীক্ষা দেবার বন্দোবস্ত করার জন্য জানিয়ে থেকে থাকেন, তাহলে আপনার হয়ে আপনার পরীক্ষার সময় নির্ধারণ করার জন্য লাইসেন্সপ্রদান পরিষেবা বিভাগ থেকে একজন প্রতিনিধি আপনার সাথে যোগাযোগ করবেন।

আমি নিউ ইয়র্ক রাজ্যের একজন লাইসেন্সপ্রাপ্ত ক্ষৌরকার। আমি কি কেশসজ্জা কর্মের লাইসেন্স পাবার যোগ্য?

আপনি যদি নিউ ইয়র্ক রাজ্যের একজন যথাযথভাবে লাইসেন্সপ্রাপ্ত ক্ষৌরকার হন, তাহলে আপনি কোন অতিরিক্ত শিক্ষা বা পরীক্ষা ছাড়াই একটি প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন। আপনাকে খালি এই আবেদনপত্রটি ও তার সাথে $40 আবেদনজনিত ফি জমা করতে হবে।

আমি রাজ্য সরকারের পরীক্ষায় উত্তীর্ণ হবার আগেই কাজ শুরু করতে পারি?

হ্যাঁ। সেই সব আবেদনকারীদের জন্য দুটি ছয়-ছয় মাসের লাইসেন্স উপলভ্য রয়েছে যারা পরীক্ষা-প্রক্রিয়া চলাকীলন কাজ করতে চান। কেবলমাত্র সেই সব আবেদনকারীরাই একটি অস্থায়ী লাইসেন্সের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন যারা নিউ ইয়র্ক রাজ্য বা মার্কিন যুক্তরাষ্ট্রে শিক্ষা গ্রহণ করেছেন। আবেদনকারীরা লিখিত বা প্রয়োগিক পরীক্ষায় উত্তীর্ণ হবার পরই তাদের অস্থায়ী লাইসেন্স পুনর্নবীকরণের জন্য আবেদন করতে পারবেন। আপনি দুটি পরীক্ষাতেই উত্তীর্ণ হয়ে গেলে, একটি চার বছর মেয়াদি লাইসেন্স জারি করা হবে।

লাইসেন্সের ফি ও এর শর্তাবলী কী কী?

$40 - মূল আবেদনের লাইসেন্স ফি (সব আবেদনকারীদের জন্য)। যে সব আবেদনকারীদের পরীক্ষায় উত্তীর্ণ হওয়া আবশ্যক নয় (যেমন, যাদের পাঁচ বছর আইনত কাজের অভিজ্ঞতা রয়েছে অথবা যারা লাইসেন্সপ্রাপ্ত ক্ষৌরকার), তাদের জন্য এই একটি মাত্র ফি আবশ্যক।

$10 - 6 মাসের অস্থায়ী লাইসেন্স ফি।

$10 - 6 মাসের অস্থায়ী লাইসেন্স পুনর্নবীকরণ ফি (আলাদা আবেদন)।

দয়া করে খেয়াল করুন: আপনি যদি একটি আসল ও একটি অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করেন, তাহলে আপনাকে $50 আবেদনজনিত ফি জমা করতে হতে পারে। আলাদা-আলাদা আবেদনজনিত ফি দেবার দরকার নেই।

লাইসেন্সের মেয়াদ চার বছর। একটি অস্থায়ী লাইসেন্সের মেয়াদ 6 মাস।

$15 - পরীক্ষার ফি (আপনি যখন আপনার অনলাইন পরীক্ষার সময় নির্ধারণ করবেন
তখন সংগ্রহ করা হবে)।

আপনারা পেমেন্টের কোন কোন পদ্ধতি গ্রহণ করেন?

আপনি ডিপার্টমেন্ট অব স্টেট-কে প্রদেয় চেকের মাধ্যমে অথবা আমেরিকান এক্সপ্রেস, মাস্টার কার্ড বা

ভিসার মাধ্যমে অথবা একটি ক্রেডিট কার্ড অথোরাইজেশন ফর্ম ব্যবহার করে পেমেন্ট করতে পারেন অথবা অনলাইনে আবেদন করলে অনলাইনে পেমেন্ট করতে পারেন। নগদ পাঠাবেন না। **আবেদনজনিত ফি অফেরৎযোগ্য।** আপনার ব্যাংক কোন চেক ফেরৎ পাঠালে তার জন্য $20 ফি ধার্য করা হবে।

লাইসেন্স পাবার জন্য কি আমাকে শারীরিক পরীক্ষা দিতে হবে?

হ্যাঁ। প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স পাবার জন্য আপনাকে একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা একজন নার্সকে দিয়ে শারীরিক পরীক্ষা করাতে হবে। আপনার **চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা নার্সকে** অবশ্যই আবেদনপত্রের স্বাস্থ্য শংসাপত্র (Health Certification) বিভাগটি সম্পূর্ণ করতে হবে

অথবা যদি অনলাইনে আবেদন করেন তাহলে স্বাস্থ্য শংসাপত্রের ফর্ম (Health Certification Form (DOS-1948)) তারিখসহ সম্পূর্ণ করতে হবে। উক্ত শংসাপত্রটি অবশ্যই তারিখসহ স্বাক্ষর করার দিন থেকে পরবর্তী 30 দিনের মধ্যে আবেদনের সাথে দাখিল করতে হবে।

শিশু সহায়তা বিষয়ক বিবৃতি

আপনার সন্তান আছে কিনা বা সহায়তা প্রদানের কোন বাধ্যবাধকতা আছে কিনা তা নির্বিশেষে, নিউ ইয়র্ক রাজ্যে শিশু সহায়তা বিষয়ক বিবৃতি দেওয়াটা বাধ্যতামূলক। **শিশু সহায়তার অঙ্ক চার মাস বা তার বেশি সময় ধরে বকেয়া আছে এমন যে কোন ব্যক্তি তার ব্যবসা, পেশা এবং ড্রাইভিং লাইসেন্স স্থগিত হয়ে যাবার কারণ হতে পারেন।** সহায়তার বাধ্যবাধকতাকে আইনত কার্যকর হওয়া থেকে ব্যাহত করতে বা আটকাতে ইচ্ছাকৃতভাবে লিখিত মিথ্যা বিবৃতি দিলে তা দণ্ডবিধি (Penal Law)-র §175.35 ধারার অধীনে শাস্তিযোগ্য অপরাধ। জালিয়াতির উদ্দেশ্যে রাজ্য বা স্থানীয় সরকারের কাছে একটি মিথ্যা বিবৃতি পেশ করার বিষয়টি একটি E শ্রেণিভুক্ত গুরুতর অপরাধ।

অনলাইন পরিষেবাগুলি সংক্রান্ত তথ্যাবলী:

দ্রুততর ও সহজতর প্রক্রিয়ার জন্য, লাইসেন্সপ্রদান পরিষেবা বিভাগ (Division of Licensing Services) আবেদনকারীদের অনলাইনে আবেদনের জন্য উৎসাহিত করে। অনলাইন পরিষেবা ব্যবহার করলে তা অপেক্ষাকৃত দ্রুততার সাথে আপনার আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ ও আপডেট করে এবং গোটা লাইসেন্স প্রক্রিয়া জুড়ে এটি আপনাকে আপনার লাইসেন্স সংক্রান্ত নথিপত্রগুলি দেখার ও সেগুলিকে ব্যবহার করার সুযোগ দেয়।

আরও পূর্ণাঙ্গ নির্দেশাবলী ও অন্যান্য অনলাইন তথ্যাবলীর জন্য প্রায়শ জানতে চাওয়া প্রশ্নাবলী (FAQ) দেখুন, যা এখানে পাবেন http://www.dos.ny.gov/licensing/lc-faq.html

কোন কোন লেনদেন ও তথ্যগুলি অনলাইনে উপলভ্য রয়েছে?

- একটি প্রারম্ভিক আবেদন সম্পূর্ণ করুন
- একটি আবেদনের স্থিতি দেখুন
- আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করুন
- একটি পরীক্ষার সময় নির্ধারণ করুন এবং ফলাফল দেখুন
- একটি লাইসেন্সের স্থিতি দেখুন
- লাইসেন্স সংক্রান্ত তথ্যগুলিকে সংশোধন করুন
- একটি বৈকল্পিক (duplicate) লাইসেন্সের আবেদন করুন

আমি কীভাবে নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র (NYS License Center, NYSLC)-এ একটি অ্যাকাউন্ট তৈরি করব?

নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র (NYSLC)-এ একটি অ্যাকাউন্ট তৈরির জন্য আপনাকে আগে অবশ্যই My NY.gov.-এ নিবন্ধন করতে হবে। আপনি যদি বর্তমান My NY.gov-এ নিবন্ধীভুক্ত না থাকে, তাহলে My NY.gov-এর নিবন্ধন সাইট https://aca.licensecenter.ny.gov/aca/-এ যান এবং 'I need a NY.gov ID' লিঙ্কে ক্লিক করুন এবং My NY.gov-এ নিবন্ধনের প্রক্রিয়া অনুসরণ করুন। My NY.gov-এ আপনার নিবন্ধীকরণ হয়ে গেলে, My NY.gov-এ আপনার জন্য উপলভ্য NYS License Center অপশনটি নির্বাচন করুন। NYS License Center-এ 'Account Management' লিঙ্কটিতে ক্লিক করুন যা ডান দিকে একেবারে উপরের কোণে থাকে। আবশ্যক

প্রাকৃতিক কেশসজ্জা কর্মের জন্য আবেদন

ফিল্ডগুলিকে সম্পূর্ণ করুন এবং আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে করা সমস্ত আবেদনগুলির ক্ষেত্রে এখানে প্রদত্ত ডেটাগুলি আগে থেকেই পূরণ করা অবস্থায় থাকবে। আপনার কাজ সম্পূর্ণ করে সেভ করা হয়ে গেলে, অগ্রসর হবার জন্য 'Home' ট্যাবে ক্লিক করুন।

আমার যদি আগে থেকেই একটি My NY.gov অ্যাকাউন্ট থাকে তাহলে কী হবে?

আপনি যদি আগে থেকেই My NY.gov-এ নিবন্ধীভুক্ত হয়ে থাকেন, তাহলে My NY.gov-এ যান এবং সাইন-ইন করুন, তারপর My NY.gov-এ আপনার জন্য উপলভ্য অপশনগুলি থেকে NYS License Center অপশনটি নির্বাচন করুন। এটি আপনার নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এর অ্যাকাউন্ট তৈরি করবে। NYS License Center-এ 'Account Management' লিঙ্কটিতে ক্লিক করুন যা ডান দিকে একেবারে উপরের কোণে থাকে। আবশ্যক ফিল্ডগুলিকে সম্পূর্ণ করুন এবং আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে করা সমস্ত আবেদনগুলির ক্ষেত্রে এখানে প্রদত্ত ডেটাগুলি আগে থেকেই পূরণ করা অবস্থায় থাকবে। আপনার কাজ সম্পূর্ণ করে সেভ করা হয়ে গেলে, অগ্রসর হবার জন্য 'Home' ট্যাবে ক্লিক করুন।

নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র (NYS License Center) থেকে আমি কীভাবে একটি লাইসেন্সের জন্য আবেদন করব?

নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র থেকে একটি লাইসেন্সের জন্য আবেদন করতে হলে আপনাক অবশ্যই একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে অথবা বিদ্যমান অ্যাকাউন্টে লগ-ইন করতে হবে। অনলাইনে আপনার লাইসেন্স আবেদন করতে নিচের ধাপগুলিকে অনুসরণ করুন:

- একটি অ্যাকাউন্টের জন্য নিবন্ধন করুন অথবা আপনার অ্যাকাউন্টে লগ-ইন করুন (উপরের "নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র (NYS License Center, NYSLC) থেকে আমি কীভাবে একটি লাইসেন্সের জন্য আবেদন করব" দেখুন)'
- নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এ আপনি লগ-ইন করার পর, 'Home' ট্যাবে গিয়ে 'Apply now for a new license or permit' নির্বাচন করুন।
- অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করুন
- সমর্থিত নথিপত্রগুলিকে আপলোড করুন
- পেমেন্ট করুন এবং নিশ্চিতকরণ পাতাটি ছেপে নিন

আপনি আপনার অ্যাকাউন্টে লগ-ইন করতে এবং আপনার আবেদনের স্থিতি দেখতে পারবেন।

আমি কীভাবে অনলাইনে একটি অতিরিক্ত লাইসেন্স তৈরি করব?

একটি অতিরিক্ত লাইসেন্সের জন্য আবেদন করতে, আপনার অ্যাকাউন্টে লগ-ইন করুন এবং 'Manage My Licenses' ট্যাবে ক্লিক করুন, আর তারপর 'Apply now! For a New License or Permit' লিঙ্কটিতে ক্লিক করুন। নিয়ম ও শর্তাবলী পড়ুন ও গ্রহণ করুন এবং এরপর থেকে সিস্টেম আপনাকে পথ দেখিয়ে নিয়ে যাবে।

আমি কীভাবে অনলাইনে একটি লাইসেন্স পুনর্নবীকরণ করব?

আপনার যদি আগে থেকেই একটি নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এর অ্যাকাউন্ট থাকে, তাহলে আপনি আপনার বিদ্যমান লাইসেন্সটির মেয়াদ উত্তীর্ণ হবার তিন মাস আগে ইমেল মারফৎ তা পুনর্নবীকরণের জন্য একটি বিজ্ঞপ্তি পাবেন। ইমেলটিতে আপনার অ্যাকাউন্টের একটি লিঙ্ক থাকবে। লিঙ্কটিতে ক্লিক করুন এবং পুনর্নবীকরণের আবেদন প্রক্রিয়া অনুযায়ী অগ্রসর হোন।

আপনার যদি নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এ কোন অ্যাকাউন্ট না থাকে, তাহলে আপনার বিদ্যমান লাইসেন্সটির মেয়াদ উত্তীর্ণ হবার তিন মাস আগে ডাকযোগে তা পুনর্নবীকরণের জন্য একটি বিজ্ঞপ্তি পাবেন। এই বিজ্ঞপ্তিতে নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এ একটি অ্যাকাউন্ট তৈরির নির্দেশাবলী অন্তর্ভুক্ত থাকবে।

অনলাইন সিস্টেমের জন্য আমার ইউজার আইডি কী?

আপনি যখন My NY.gov-এ আপনার একটি অ্যাকাউন্ট তৈরি করবেন, তখন আপনি আপনার ইমেল অ্যাড্রেসটি ব্যবহার করে একটি অদ্বিতীয় ইউজার আইডি (user ID) তৈরি করবেন। তারপর থেকে আপনি আপনার ইউজার আইডি দিয়ে আপনার অ্যাকাউন্টে প্রবেশ করতে পারবেন।

আমি আমার অনলাইন অ্যাকাউন্টের তথ্যগুলিকে কীভাবে আপডেট করব?

আপনার অনলাইন অ্যাকাউন্টের তথ্যগুলিকে আপডেট করার জন্য দুটি স্থান রয়েছে। আপনাকে My NY.gov-এ গিয়ে অথবা নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এর অ্যাকাউন্টে প্রবেশ করে আপনার ডেটাগুলিকে আপডেট করতে হবে।

My NY.gov-এ গিয়ে প্রায়শ জানতে চাওয়া প্রশ্নাবলী (FAQ) দেখুন যেখানে আপনার অ্যাকাউন্ট ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যগুলি দেওয়া আছে।

আপনার নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র-এর অ্যাকাউন্টে লগ-ইন করুন, সেখানে একেবারে উপরের সারিতে আপনি 'Manage My Licenses' নামক একটি লিঙ্ক দেখতে পাবেন। সেখান থেকে আপনি একটি যোগাযোগের তথ্য বদলের সংশোধনী (contact change amendment) সম্পূর্ণ করে আপনার অ্যাকাউন্টের তথ্যগুলিকে আপডেট করতে পারবেন।

আমি অনলাইনে আবেদন করছি, সেক্ষেত্রে আমি এই বিভাগকে কীভাবে আমার শারীরিক পরীক্ষার ব্যাপারে জানাব?

প্রাকৃতিক কেশসজ্জা কর্মের লাইসেন্স পাবার জন্য সকল আবেনকারীকে একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা একজন নার্সকে দিয়ে শারীরিক পরীক্ষা করাতে হবে। একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা একজন নার্স দ্বারা শারীরিক পরীক্ষা সম্পন্ন করার তারিখ থেকে পরবর্তী 30 দিনের মধ্যে লাইসেন্সের আবেদনটি দাখিল করতেই হবে এবং আবেদনে তাদের নাম এবং যোগাযোগের তথ্য অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে। স্বাস্থ্য শংসাপত্র ফর্ম (Health Certification Form (DOS-1948)) অবশ্যই সম্পূর্ণ করতে হবে এবং তা এই ডিপার্টমেন্ট অব স্টেট-এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেওয়া যেতে পারে।

নিউ ইয়র্ক রাজ্যের লাইসেন্স কেন্দ্র ব্যবহার করে আপনার করা অনলাইন আবেদনে আপনাকে অবশ্যই স্বাস্থ্য শংসাপত্র ফর্মে থাকা তথ্যাবলী ব্যবহার করতে হবে। আপনাকে এই ফর্মে থাকা তথ্যগুলিকে সিস্টেমের মধ্যেকার স্বাস্থ্য শংসাপত্রের ফিল্ডগুলিতে প্রদান করতে হবে।

দয়া করে মনে রাখুন: আবশ্যকতার অনুবর্তিতা সুনিশ্চিত করার জন্য এই স্বাস্থ্য শংসাপত্রের ফর্ম একজন অনুসন্ধানকারীর দ্বারা নিরীক্ষণসাপেক্ষ। নিরীক্ষণের উদ্দেশ্যে আপনার কাজের জায়গায় এই ফর্মে থাকা তথ্যের প্রমাণাদি রাখুন।

গোপনীয়তার বিজ্ঞপ্তি

আমাকে কি আবেদনে আমার সামাজিক সুরক্ষা (Social Security) ও ফেডেরাল আইডি (Federal ID) নম্বরগুলিও দিতে হবে?

হ্যাঁ, আপনার যদি একটি সামাজিক সুরক্ষা নম্বর ও ফেডেরাল আইডি নম্বর থাকে, তাহলে আপনাকে সেই নম্বরগুলি দিতে হবে। আপনার যদি একটি সামাজিক সুরক্ষা নম্বর বা ফেডেরাল আইডি নম্বর না থাকে, তাহলে দয়া করে তার জন্য একটি লিখিত কৈফিয়ত দিন।

ডিপার্টমেন্ট অব স্টেট-কে সমস্ত লাইসেন্সধারকদের কেন্দ্রিয় সরকারের সামাজিক সুরক্ষা নম্বর ও কর্মচারি পরিচয় নম্বরগুলি সংগ্রহ করতে হয়। এই ধরনের ব্যক্তিগত তথ্যাবলী চাওয়ার ও তা রাখার অধিকার

কর আইন (Tax Law)-এর §5 নং ধারায় এবং সাধারণ বাধ্যবাধকতা বিষয়ক আইন (General Obligations Law)-এর §3-503 নং ধারাগুলিতে নিহিত আছে। প্রকাশ করা আপনার জন্য বাধ্যতামূলক।

সংগৃহীত তথ্যাবলী কর আরোপন ও আর্থিক বিভাগ (Department of Taxation and Finance)-কে সেই সব ব্যক্তিবর্গ, ব্যবসাকেন্দ্র এবং অন্যান্যদের শনাক্ত করতে সক্ষম করে যারা ইচ্ছাকৃতভাবে কর বিবরণী ফাইল করে না বা নিজেদের কর দেবার দায়বদ্ধতাকে খাটো করে দেখেন এবং সেই সব ব্যক্তিদের সাধারণভাবে চিহ্নিত করতে সক্ষম করে যারা কর আরোপন ও আর্থিক বিভাগের কমিশনার দ্বারা আরোপিত কর দ্বারা খারাপভাবে প্রাভাবিত হন। এটি কর আরোপের কাজে এবং কর আইন (Tax Law) দ্বারা অনুমোদিত অন্য যে কোন কাজে লাগানো হবে এবং সামাজিক সুরক্ষা আইন (Social Security Act)-এর Title IV-D অনুসারে এটি শিশু সহায়তা বলবৎকরণ সংস্থাগুলি বা তাদের অনুমোদিত প্রতিনিধিবর্গ বা রাজ্য সরকার দ্বারা প্রতিষ্ঠিত অন্যান্য সংস্থাগুলিও তাদের কাজে লাগাতে পারে, যার উদ্দেশ্য হল একটি সহায়তার আদেশ প্রতিষ্ঠিত করা, পরিবর্তিত করা বলবৎ করা, কিন্তু এটি জনসাধারণের জন্য উপলভ্য থাকবে না। যেখানে কোন নম্বরই দেওয়া হবে না সেখানে একটি লিখিত কৈফিয়ত আবশ্যক। এই তথ্যগুলি পরিচালন ও প্রবন্ধন অধিকর্তা (Director of Administration and Management) দ্বারা One Commerce Plaza, 99 Washington Avenue, Albany, NY 12231-0001 স্থিত দপ্তরের লাইসেন্স তথ্যপ্রণালী (Licensing Information System)-তে রক্ষিত থাকবে।

আপনি কি ভোটদানের জন্য নিবন্ধীভুক্ত হতে চান?

দয়া করে নিউ ইয়র্ক রাজ্যের নির্বাচন পর্ষদ (NY State Board of Elections)-এর ওয়েবসাইট দেখুন এখানে, www.elections.ny.gov/votingregister.html
অথবা একটি নিউ ইয়র্ক রাজ্যের ভোটদাতা নিবন্ধীকরণ (NYS Voter Registration) ফর্মের

কেবলমাত্র অফিসের কাজের জন্য আবেদন সংখ্যা AENHS-A-____ - _____ ফি $40 বা $50

নিউ ইয়র্ক রাজ্য
রাষ্ট্র বিভাগ লাইসেন্সিং সেবা বিভাগ চেহারা বর্ধন
চেহারা-ছবি সমৃদ্ধকরণ
পোস্ট বক্স 22049
আলবেনি, এনওয়াই 12201-2049
গ্রাহকসেবা: (518) 474-4429
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | **Division of Licensing Services**

প্রাকৃতিক কেশসজ্জা কর্মের জন্য আবেদন

এই আবেদনটি পূরণ করার আগে এ সংক্রান্ত নির্দেশগুলি ভালভাবে পড়ুন। আপনাকে অবশ্যই প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে এবং কালিযুক্ত পেন দিয়ে লিখতে হবে।

দয়া করে নিচের যোগ্যতা নির্ণয়াক পছন্দগুলির যে কোন একটি নির্বাচন করুন।

আমি নিম্নোক্তের ভিত্তিতে লাইসেন্স প্রদানের জন্য আবেদন করছি (আবশ্যক ফি $40):

_____ 1. নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষ ও পরীক্ষা বিভাগ (অনুমোদিত কোর্সে 300 ঘণ্টার অধ্যয়ন সম্পূর্ণকরণ)
_____ 2. নিউ ইয়র্ক রাজ্যের প্রাকৃতিক কেশসজ্জা কর্মের অতীত লাইসেন্স – লাইসেন্স UID # _____ মেয়াদোত্তীর্ণের তারিখ _____
_____ 3. নিউ ইয়র্ক রাজ্য বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে নেওয়া শিক্ষা
_____ 4. অভিজ্ঞতা: নিউ ইয়র্র রাজ্য বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে 5 বছর রাজ্য _____ দেশ _____
_____ 5. অনুমোদন – রাজ্যের নাম লিখুন _____
_____ 6. নিউ ইয়র্ক রাজ্যে ক্ষৌরকর্ম পরিচালনার লাইসেন্স – লাইসেন্স UID # _____ মেয়াদোত্তীর্ণের তারিখ _____

আপনি যদি উপরের 1, 2 বা 3 নং পছন্দটি নির্বাচন করেন, তাহলে আপনি ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন (যার জন্য অতিরিক্ত $10 ফি দিতে হবে), যা আপনাকে নিউ ইয়র্ক রাজ্য পরীক্ষাগুলিতে বসার সুযোগ করে দেবে।

_____ **আমি একটি ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের জন্য অনুরোধ করছি। ($40 + $10 = $50 আবেদন ফি আবশ্যক)**

আপনি যদি উপরের 1, 2, বা 3 নং পছন্দটি নির্বাচন করেন, তাহলে আপনার আবেদনটি মঞ্জুর করা হলে আপনার কাছে ইমেলের মাধ্যমে পরীক্ষার সময় নির্ধারণের জন্য একটি লিঙ্ক পাঠানো হবে।

_____ **আমার বিশেষভাবে পরীক্ষা দেবার জন্য বন্দোবস্তের প্রয়োজন।**

আপনার যদি শিক্ষাগ্রহণজনিত প্রতিবন্ধকতা থাকে, বা কোন ধরনের শারীরিক, মানসিক বা মনস্তত্ত্বিক প্রতিবন্ধকতা থাকে, এবং আপনি যদি বিশেষভাবে পরীক্ষা দেবার জন্য বন্দোবস্তের অনুরোধ করেন, তাহলে আপনাকে অবশ্যই আপনার আবেদনপত্রটির সাথে একটি "বিশেষভাবে পরীক্ষা দেবার বন্দোবস্তের অনুরোধ (Special Testing Arrangements Request)" ফর্ম (DOS-1591) পূরণ করে জমা করতে হবে। এছাড়াও আপনাকে একজন চিকিৎসক, অন্যান্য যোগ্যতাসম্পন্ন পেশাদার দ্বারা প্রদত্ত সমর্থিত নথিপত্র পেশ করতে হবে অথবা কোন বিদ্যালয় বা অন্য কোন প্রতিষ্ঠানে আগে এরকম বন্দোবস্তের প্রমাণ আপনার অবস্থা বর্ণনাপূর্বক পেশ করতে হবে এবং তাতে ফের-বদল সংক্রান্ত ব্যাখ্যা অন্তর্ভুক্ত থাকতে হবে। আপনার আবেদন অনুমোদিত হলে, আপনার পরীক্ষার সময় নির্ধারণের জন্য NYS লাইসেন্স অনুমোদনকারী কর্তৃপক্ষের একজন প্রতিনিধি আপনার সাথে যোগাযোগ করবেন।

আবেদনকারীর তথ্যাবলী

নাম	পদবী	নামের মধ্যাংশ	শেষ অংশ
বাড়ির ঠিকানা (সড়কের নম্বর ও সড়কের নাম দিন)		সুইট, অ্যাপার্টমেন্ট, ইউনিট	
শহর	রাজ্য	জিপ+4	দেশ দেশ
ডাক পাঠাবার ঠিকানা (ডাকবাক্স নম্বর এখানে দিন)			
শহর	রাজ্য	জিপ+4	দেশ দেশ
ইমেল পাঠাবার ঠিকানা	সোশাল সিকিউরিটি নাম্বার	ফেডেরাল করদাতা আইডি	

জন্মতারিখ	বাড়ির ফোন নম্বর	মোবাইল ফোন	কাজের ফোন

প্রাকৃতিক কেশসজ্জা কর্মের জন্য আবেদন

স্বাস্থ্যের প্রত্যয়ন – আপনার শারীরিক পরীক্ষার পর **30 দিনের** মধ্যে আপনাকে অবশ্যই এই আবেদনপত্রটি দাখিল করতে হবে। আমি যথাযথভাবে লাইসেন্সপ্রাপ্ত একজন চিকিৎসক, চিকিৎসকের সহকারী বা নার্স এবং এই আবেদনপত্রে নামোল্লেখিত ব্যক্তির নিয়মমাফিক পরীক্ষা-নিরীক্ষার সময় _____ *(শারীরিক পরীক্ষার তারিখ)* আমি তার মধ্যে এমন কোন সংক্রামক ব্যাধির উপস্থিতির কোন নিদানিক প্রমাণ পাইনি, যা এই আবেদনকারীর পেশা নির্বাহের সময় জনসাধারণের স্বাস্থ্যে বা নিরাপত্তায় কোন উল্লেখযোগ্য ঝুঁকির সম্ভাবনা তৈরি করতে পারে।

চিকিৎসকের নাম লিখুন _____

চিকিৎসকের অনুশীলনস্থলের ঠিকানা _____

_____

চিকিৎসকের স্বাক্ষর _____ *তারিখ* _____

পারিবারিক হিংসা ও যৌন নিপীড়ন বিষয়ক সচেতনতার বিবৃতি

☐ আমি এই মর্মে নিশ্চিত করছি যে, আমি NYS শিক্ষা সম্পূর্ণ করে এবং পারিবারিক হিংসা ও যৌন নিপীড়ন বিষয়ক সচেতনতার উপর 1 ঘণ্টার কোর্স সম্পূর্ণ করে যোগ্যতা অর্জন করেছি অথবা আমি এই আবশ্যকতা থেকে মুক্ত।

শিশু সহায়তা বিষয়ক বিবৃতি

এই আবেদনপত্রে স্বাক্ষর করার মধ্যে দিয়ে, আমি এই মর্মে নিশ্চিত করছি যে, এই আবেদনপত্রে তারিখ অবধি আমি কোন শিশু সহায়তা প্রদানে বাধ্য নই **অথবা** আমি যদি কোন শিশু সহায়তা প্রদানে বাধ্য থাকি, তাহলে আমার উক্ত শিশু সহায়তা প্রদানের অঙ্ক চার বা তার বেশি মাসের জন্য বকেয়া নেই, অথবা আমি আয় সম্পাদনের মাধ্যমে তা প্রদান করছি অথবা আদালত দ্বারা অনুমোদিত প্রদান বা পরিশোধ পরিকল্পনার মাধ্যমে তা প্রদান করছি অথবা সব পক্ষ দ্বারা স্বীকৃত পরিকল্পনার মাধ্যমে তা প্রদান করছি, অথবা আমার শিশু সহায়তার বিষয়টি বিচারপ্রক্রিয়ায় অমীমাংসিত রয়েছে, অথবা আমি সরকারি সহায়তা বা সম্পূরক নিরাপত্তাজনিত আয় পাচ্ছি।

আবেদনকারীর হলফনামা – আমি এই মর্মে, মিথ্য হলফনামার দণ্ডের অধীনে, হলফনামা দিয়ে ঘোষণা করছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত সমস্ত বিবৃতি সত্য ও সঠিক। সেই সঙ্গে আমি আরও ঘোষণা করছি যে, আমি সাধারণ ব্যবসা আইন (General Business Law)-এর 27 ধারার বিধানসমূহ এবং তার অধীনস্থ আইন ও নিয়মাবলী পড়েছি ও বুঝতে পেরেছি।

X_____ _____

আবেদনকারীর স্বাক্ষর *তারিখ*

আপনি যদি নিউ ইয়র্ক রাজ্যে শিক্ষা ও পরীক্ষা বিভাগ (New York State Education and Examinations)-এর ভিত্তিতে আবেদন করেন, তাহলে আপনার বিদ্যালয়ের অধিকর্তা বা অধ্যক্ষ অবশ্যই নিচের বিষয়টি পূরণ করবেন:

নিউ ইয়র্কের রাজ্য সরকার দ্বারা অনুমোদিত বিদ্যালয়ের হলফনামা

বিদ্যালয়ের নাম		
বিদ্যালয়ের ঠিকানা (সড়কের নম্বর ও সড়কের নাম দিন)		
শহর	রাজ্য	জিপ+4
বিদ্যালয়ের পাঠ্যক্রম কোড (নিউ ইয়র্ক রাজ্যের ডিপার্টমেন্ট অব স্টেট (NYS Department of State) দ্বারা প্রদত্ত পাঁচ সংখ্যার কোড)		
বিদ্যালয়ের অধিকর্তা বা অধ্যক্ষের পুরো নাম (লিখুন)	পদ (অধিকর্তা বা অধ্যক্ষ)	
আবেদনকারীর পুরো নাম (লিখুন)		

প্রাকৃতিক চুলের স্টাইলিং অ্যাপ

মিথ্য হলফনামার দণ্ডের অধীনে আমি এই মর্মে সম্মতিজ্ঞাপন ও ঘোষণা করছি যে, উপরে নামোল্লেখিত বিদ্যালয়টি শিক্ষা আইনের §5001 অনুসারে যথাযথভাবে লাইসেন্সপ্রাপ্ত
এবং/অথবা নিউ ইয়র্ক রাজ্যের বোর্ড অব রিজেন্টস (Board of Regents of the State of New York) দ্বারা অনুমোদিত। এই আবেদনপত্রে নামোল্লেখিত ব্যক্তি (*তারিখ*) তারিখে সফলভাবে ~~300 ঘণ্টার অনুমোদিত~~ কোর্স সম্পূর্ণ করেছেন .

_____ _____

বিদ্যালয়ের অধিকর্তা/অধ্যক্ষের স্বাক্ষর *তারিখ*

বিদ্যালয়ের সীল

দয়া করে আপনার আবেদনের সাথে আবশ্যক যে কোন ধরনের ব্যাখ্যা বা বিবৃতি অন্তর্ভুক্ত করতে ভুলবেন না এবং সেই সঙ্গে আপনার আবেদনের ফি (NYS Department of State-কে প্রদেয়) — $50 যা আবেদনের জন্য আবশ্যক ও আপনার অস্থায়ী লাইসেন্সটি; অথবা $40
শুধু আবেদনের জন্য। আপনার ব্যাংক কোন চেক ফেরৎ পাঠালে তার জন্য $20 ফি ধার্য করা হবে। আপনি চাইলে আপনি ক্রেডিট কার্ডেও পেমেন্ট করতে পারেন, দয়া করে একটি ক্রেডিট কার্ড অনুমোদন ফর্ম পেতে আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov
দেখুন এই আবেদনটি সম্পূর্ণ করার ও জমা করার জন্য।

এই জরুরি যে, আপনি আপনার বাড়ির বা ইমেলের ঠিকানায় কোন পরিবর্তন হলে তা এই বিভাগকে জানাবেন যাতে আপনি নবীকরণের বা আপনার লাইসেন্সের সাথে সম্পর্কযুক্ত অন্য যে কোন ধরনের বিজ্ঞপ্তি থাকলে তা পেতে পারেন।